সংবাদ

তারিখ ... 27 APR 2017 ...
পৃষ্ঠা ... কলাম ...

# যশোরে এমপিও বঞ্চিত ৩৫টি নিম্ন মাধ্যমিক স্কুল

যশোর অফিস

দীর্ঘদিন ধরে এমপিওভুক্ত না হওয়ায় যশোরের অন্তত ৩৫টি বেসরকারি নিম্নমাধ্যমিক বিদ্যালয়ের সাড়ে ৩ শতাধিক শিক্ষক কর্মচারী মানবেতর জীবনযাপন করছে। দিনের পর দিন বেতন না পাওয়ায় শিক্ষক-কর্মচারীদের মধ্যে হতাশার সৃষ্টি হয়েছে। অবিলম্বে বেতন ভাতার দাবি জানিয়েছেন শিক্ষক কর্মচারীরা। গত মঙ্গলবার দুপুরে যশোর প্রেসক্লাবের সামনে এমপিওভুক্তির দাবিতে মানববন্ধন কর্মসূচি পালিত হয়। পরে ডেপুটি কমিশনারের মাধ্যমে প্রধানমন্ত্রী ও প্রাথমিক শিক্ষামন্ত্রী বরাবব স্মারকলিপি দিয়েছে শিক্ষক কর্মচারী ফোরাম। স্মারকলিপিতে বলা হয়েছে, সারাদেশে এক হাজার ৩৩৩টি নিম্ন মাধ্যমিক বিদ্যালয় রয়েছে। এসব প্রতিষ্ঠানে বিগত ১৫/১৬ বছর ধরে বিনা বেতনে শিক্ষকরা পাঠদান করছেন। দিনের পর দিন বিনা বেতনে শিক্ষকরা পাঠাদন করতে গিয়ে আর্থিক অনটনে জর্জরিত হয়ে পড়েছেন। এতে বিদ্যালয়ের স্বাভাবিক শিক্ষা কার্যক্রম চালানো কঠিন হয়ে পড়েছে। এজন্য নেতৃবৃন্দ অবিলম্বে ননএমপিও নিম্ন মাধ্যমিক বিদ্যালয় বেতন ভাতার চালুর দাবি জানিয়েছেন। এ প্রসঙ্গে ঝিকরগাছার এইচএস নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নিলুফার ইয়াসমিন বলেন, দশ বছর ধরে বিনা বেতনে চাকরি করছি। আর্থিক সংকটে মানবেতর জীবনযাপন করছি। অভয়নগরের বাগদহ নিম্ন/মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক কমলেশ মণ্ডল বলেন, ১২ বছর চাকরি করছি। কিন্তু বেতন-ভাতা পাই না। আশায় আছি কবে বেতন হবে। শুধু প্রতিশ্রুতি শুনি। যশোর জেলা নন এমপিও নিম্ন মাধ্যমিক বিদ্যালয় শিক্ষক-কর্মচারী ফোরামের সভাপতি রবিউল আওয়াল বলেন, জেলার ৩৫টি নিম্ন মাধ্যমিক বিদ্যালয় দীর্ঘদিনেও এমপিওভুক্ত করা হয়নি। এইসব প্রতিষ্ঠানে সাড়ে ৩শ' শিক্ষক-কর্মচারী রয়েছেন। বিনা বেতনে তারা শিক্ষার্থীদের পাঠদান করে আসছেন। বেতন ভাতার সুযোগ-সুবিধা না পেয়ে শিক্ষক কর্মচারীরা মানবেতর জীবনযাপন করছেন। অবিলম্বে নিম্ন মাধ্যমিক বিদ্যালয় এমপিওভুক্ত করার দাবি জানান তিনি।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............................
তারিখ.............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ ডি.এম.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
২৭/৪
স্বাক্ষর